



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)  
গুলফেশাঁ প্লাজা (১২তম, তলা) ৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, মগ বাজার, ঢাকা-১২১৭  
ফোনঃ চেয়ারম্যান- ৯৩৩৫৫১৩, সার্বক্ষণিক সদস্য- ৯৩৩৬৩৬৯, সচিব- ৯৩৩৬৮৬৩  
হেল্প লাইন- ৯৩৪৭৯৭৯ (সকাল ০৯.০০টা থেকে বিকাল ০৫.০০টা)  
ফ্যাক্সঃ ৮৩৩৩২১৯; ই-মেইলঃ [nhrc.bd@gmail.com](mailto:nhrc.bd@gmail.com)

স্মারক নং: জামাকন/প্রেস:বিজ্ঞঃ/২৩৯/১৩-৯৭০

তারিখ: ১৬ আগস্ট, ২০১৬

### প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: প্রতিবন্ধী নারীদের মানবাধিকার রক্ষা করতে জাতীয় মানবাধিকার কমিশন বদ্ধপরিকর।

জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান কাজী রিয়াজুল হক বলেছেন, প্রতিবন্ধী নারীরা সমাজে বেশি নির্যাতিত হন এবং তাদের মানবাধিকার সুরক্ষা করতে জাতীয় মানবাধিকার কমিশন বদ্ধপরিকর। গত মঙ্গলবার কমিশনের সম্মেলন কক্ষে Women with Disabilities Development Foundation এর চেয়ারম্যান শিরিন আখতার এবং নির্বাহী পরিচালক আশরাফুন নাহার মিষ্টির নেতৃত্বে প্রতিবন্ধী ব্যক্তিদের একটি প্রতিনিধিদলের সাথে এক মতবিনিময় সভায় কাজী রিয়াজুল হক একথা বলেন।

সভায় সংস্থাটির পক্ষ থেকে ৮ দফা সুপারিশ পেশ করা হয় এগুলো হল- কমিশনের অফিস প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রবেশগম্য করা, কমিশনের কর্মী নিয়োগে প্রতিবন্ধী নারীদের অন্তর্ভুক্ত, নারীদের জন্য প্রণীত আইন ও নীতমালাসমূহে প্রতিবন্ধী নারীদের অন্তর্ভুক্ত করা, কমিশনের সাথে WDDF এর যৌথ কর্মসূচি আয়োজন করা ইত্যাদি।

ফুটপাথ, ব্রিজ, যানবাহন ইত্যাদিতে প্রতিবন্ধী নারীদের অপ্রবেশগম্যতা বিবেচনা করে কমিশন যোগাযোগ মন্ত্রী, বিআরটিসি ও বিআরটিএ এর চেয়ারম্যানের নিকট সুপারিশ করবে, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের সাথে যোগাযোগ করবে এবং প্রতিবন্ধী নারীদের সমস্যা সমাধানের জন্য আসন্ন ইউনিভার্সাল পিরিওডিক রিভিউতে প্রতিবন্ধী নারীদের দেয়া সুপারিশসমূহ অন্তর্ভুক্ত করবে বলে সভায় সিদ্ধান্ত হয়।

WDDF এর অন্যতম সুপারিশ; কমিশনের কর্মী নিয়োগের ক্ষেত্রে প্রতিবন্ধী নারীদের অন্তর্ভুক্তির বিষয়ে কাজী রিয়াজুল হক বলেন, কমিশন ইতিমধ্যে সহকারী পরিচালক পদে দৃষ্টি প্রতিবন্ধী ফারজানা নাজনীন তুলতুলকে প্রতিবন্ধী কোটায় নিয়োগ দিয়েছে। তিনি আরো বলেন, প্রতিবন্ধীদের প্রবেশগম্যতা মাথায় থেকে কমিশনের অফিস পরিবর্তনের সিদ্ধান্ত নেয়া হচ্ছে।

বার্তা প্রেরক

 16/08/16

ফারহানা সাদ্দিক

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন (জামাকন), বাংলাদেশ